38

দৈনিক সংবাদ

তারিখ 09 NOV 1998
পৃষ্ঠা ৭ কলাম ৭

ইসলামী বিশ্ববিদ্যালয়

# ছ'বছরে সহিংস ঘটনায় নিহত হয়েছে পাঁচজন

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ নভেম্বর '৯২ হতে অক্টোবর '৯৮ পর্যন্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছয় বছরে নিহত হয়েছে পাঁচ জন। হত্যার ন্যায় ঘৃণ্য নজিরবিহীন ঘটনা ঘটেছে শান্তিডাঙ্গার ক্যাম্পাসে।

২৫শে নভেম্বর '৯২ শিক্ষা জীবন শুরুর মাত্র ১৯ দিনের মাথায় খুন হয় ইসলামের ইতিহারেস প্রথম বর্ষের ছাত্র সাইফুল ইসলাম মামুন। ২৮শে এপ্রিল '৯৫ সংঘর্ষের মধ্যে পড়ে শিবির ক্যাডার কর্তৃক ছুরিকাহত হয়ে নিহত হয় ভর্তিচ্ছু ছাত্রীর বড় ভাই ও কুমারখালী পৌর কমিশনার আলী আজম। ২৬শে সেপ্টেম্বর '৯৬ ছাত্রলীগ শিবির ভয়াবহ রক্তক্ষয়ী সংঘর্ষে গুলিতে নিহত হয় আল কোরআন তৃতীয় বর্ষের ছাত্র আমিনুর রহমান। গত ৩১শে অক্টোবর '৯৮ সংঘটিত বিশ্ববিদ্যালয় ইতি-হাসে সবচেয়ে ভয়ারেহতম বন্দুকযুদ্ধ ও পুলিশের গুলি-বর্ষণে নিহত হয় দুই জন।

জুন '৮৬ হতে বিশ্ব-বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম শুরুর পর এযাবৎ প্রায় দেড় শর্ত ছোটবড় সহিংস ঘটনায় অন্তত সহস্রাধিক আহত হয়েছে। অঙ্গহানীসহ পঙ্গুত্বের অভিশাপ বরণ করেছে ২০-২৫ জন।

এ যাবতকালে হল তল্লাশি হয়েছে মাত্র ৮-৯ বার। পুলিশের ভাণ্ডারে উদ্ধারকৃত অস্ত্রের মধ্যে রয়েছে ১০-১৫টি ককটেল ও ৮-১০টি আগ্নেয়াস্ত্র।

এ পর্যন্ত সকল সহিংস ঘটনা তদন্তে কমিটি গঠন হলেও সকল কমিটিই নিস্ক্রিয়। অধিকাংশ তদন্ত রিপোর্টই আলোর মুখ দেখেনি।